

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ৫ম নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় চূড়ান্ত সুপারিশ প্রদানের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনের জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে অনুমোদন পাওয়ার পর প্রাথমিকভাবে নির্বাচিত যে সকল প্রার্থী প্রয়োজনীয় সনদপত্র এনটিআরসিএ-এর কার্যালয়ে জমা দিয়েছেন তাদের মধ্যে যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ সুপারিশ প্রদান করা হবে। বর্ণিত অবস্থায়, ৫ম নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের এনটিআরসিএ অফিসে ঘুরাঘুরি কিংবা ব্যক্তিগতভাবে কর্মকর্তাদেরকে ফোন না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে
এনটিআরসিএ কর্তৃপক্ষ